

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৭.১৪-৬৬৯

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৬  
১৫ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ মহামান্য সুপ্রীম কোর্টে (মহামান্য হাইকোর্ট বিভাগ ও মহামান্য আপীল বিভাগ) সরকারের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ যথাযথ তদবির ও তদারকি নিশ্চিতকরণের বিষয়টি TMED কে অবহিতকরণ।

লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টে (মহামান্য হাইকোর্ট বিভাগ ও মহামান্য আপীল বিভাগ) সরকারের পক্ষে/বিপক্ষে প্রতিনিয়ত মামলা দায়ের হচ্ছে।

০২। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার রায়ের বিরুদ্ধে যথাসময়ে (তামাদির মেয়াদের মধ্যে) মহামান্য আপীল বিভাগে আপীল দায়ের না হওয়ায় তামাদির কারণে আপীল পিটিশন (প্রতিটি আপীলের ক্ষেত্রে এরূপ ঘটছে) খারিজ হয়ে সরকারি স্বার্থ ক্ষুণ্ণ হচ্ছে বিধায় যথাসময়ে রিট মামলায় সরকার পক্ষে যথাযথ পদক্ষেপ গ্রহণসহ রিট মামলায় সরকার প্রতিকূলে ঘোষিত রায়ের বিরুদ্ধে (রায় ঘোষিত হওয়ার পর তামাদি মেয়াদের মধ্যে) আপীল দায়ের আবশ্যিক।

০৩। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে মাননীয় মন্ত্রীর মন্তব্য নিম্নরূপ:

“বারবার তামাদির কারণে আপীল পিটিশন খারিজ হওয়ার বিষয়টি অত্যন্ত দুঃখজনক ও উদ্বেগজনক। দ্রুত এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নিন।”

০৪। এমতাবস্থায়, মহামান্য সুপ্রীম কোর্টে (মহামান্য হাইকোর্ট বিভাগ ও মহামান্য আপীল বিভাগ) যথাসময়ে রিট মামলায় সরকার পক্ষে যথাযথ পদক্ষেপ গ্রহণসহ রিট মামলায় সরকার প্রতিকূলে ঘোষিত রায়ের বিরুদ্ধে (রায় ঘোষিত হওয়ার পর তামাদি মেয়াদের মধ্যে) সিভিল পিটিশন ফর লীভ টু আপীলসহ দায়ের যথাযথ তদবির ও তদারকি নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সেসাথে আলোচ্য নির্দেশনা অনুযায়ী গৃহীত কার্যক্রমের তথ্যাদি আগামী ৩১.১২.২০১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

বিতরণ:

কার্যার্থে:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশীবাজার, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
- ৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৭.১৪-৬৬৯/৬(৬)

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৬  
১৫ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশা: ও উন্ন:/কারিগরি/মাদ্রাসা/) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।

(মো: আ: খালেক মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭